



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



মুজিব
শতবর্ষ
100

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২২.১৬২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

বিষয়: মুন্সিগঞ্জ জেলার গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: জালাল উদ্দিন এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার

মুন্সিগঞ্জ জেলার গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: জালাল উদ্দিন এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করার জন্য তিনি আবেদন করেন।

আবেদনের বর্ণনা: জনাব মো: জালাল উদ্দিন, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান) গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজ, গজারিয়া, মুন্সিগঞ্জ। তিনি দীর্ঘ প্রায় ৩০ বছর যাবৎ অত্র কলেজে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষকতা করে আসছেন। তিনি বলেন, গত ১২/০৯/২০২১ তারিখে অধ্যক্ষ মহাদেয়ের সাথে আমার কিছু ভুল বুঝাবুঝির প্রেক্ষিতে আমাকে, ১৬/০১/২০২২ তারিখে সাময়িক বরখাস্ত করেন। এর ফলে তিনি আমাকে প্রাতিষ্ঠানিক এবং সরকারি বেতনের অর্ধেক হারে বেতন প্রদান করে আসছেন। কিন্তু ৭ সদস্য বিশিষ্ট পরিবারে তিনিই একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। ৪টি মেয়ে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে। ফলে অর্ধেক বেতনে আমার সংসার চালানো অত্যন্ত কষ্টকর বিষয় হয়ে দাঁড়িয়েছে। তবে মহামান্য হাইকোর্টের রিটপিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ে প্রেক্ষিতে। সাময়িক বরখাস্তের ৬০দিন অতিবাহিত হওয়ার পর পূর্ণ বেতন প্রদানের বিধান রয়েছে। তিনি চলতি মাস থেকে পূর্ণ বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে উক্ত শিক্ষকের সাময়িক বরখাস্ত সংক্রান্ত গভর্নিং বডি'র সকল রেজুলেশন, সকল চিঠি, বরখাস্তের কারণ এবং এ ক্ষেত্রে সর্বশেষ অবস্থার বিবরণী প্রেরণ করার জন্য অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

অধ্যক্ষ, গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজ, মুন্সিগঞ্জ

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২২.১৬২/১(২)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, গভর্নিং বডি, গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজ, মুন্সিগঞ্জ।

২) মো: জালাল উদ্দিন, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান), গজারিয়া কলিম উল্লাহ ডিগ্রি কলেজ, মুন্সিগঞ্জ।

১০-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক